87

আজকের কাগজ

তারিখ ... 14 JAN 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

৩০

# মক্তবের নামে তোলা চাঁদায় গাঁজার আসর

যশোর শহরের বেনাপোল বাসস্ট্যান্ড সংলগ্ন রেল ক্রসিং-এর পাশে খানকায়ে খাজা গরীব নেওয়াজ মক্তবের নামে চাঁদা আদায়ের অভিযোগ পাওয়া গেছে। অভিযোগে জানা গেছে, রেলগেট অঞ্চলের একশ্রেণীর উচ্ছৃঙ্খল যুবক গাঁজার আখড়ার খোরাক যোগানোর জন্যে এই চাঁদা আদায় করছে। চাঁচড়া পেট্রোল পাম্প মোড়ে উচ্ছৃঙ্খল এই যুবকদল প্রতিদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বেনাপোল, সাতক্ষীরাগামী বিভিন্ন বাস কোস্টার ও ট্রাক থামিয়ে ১০ টাকা থেকে ২০ টাকা হারে চাঁদা আদায় করছে। অথচ রসিদ দেয়া হচ্ছে ৫ টাকার। কয়েকজন বাসের কন্ডাক্টর জানিয়েছে, এরা চাঁদা তোলার কৌশল বিভিন্ন সময় পরিবর্তন করে। চাঁদা আদায়কারী এসব যুবকদের প্রত্যেকের বাড়ি শহরের রেলগেট এলাকায়। এরা একটি রাজনৈতিক দলের ছত্রছায়ায় থাকে। এদের ভয়ে কেউ কিছু বলে না। মক্তব এলাকায় গিয়ে দেখা গেছে, রেলক্রসিং-এর পশ্চিম পাশে লাইন ক্লিয়ার হাউজের সামনে ৩টি বাঁশে সবুজ রং-এর ছোট ৩টি পতাকা উড়ছে। সামনে কয়েকটি বাঁশের খুঁটির উপর দোচালা একটি জীর্ণ ঘর। যার ৩ পাশে কোনো বেড়া নেই, মেঝে মাটির। এলাকাবাসীরা জানিয়েছে, মক্তবের নামে চাঁদা তুলে ওইসব যুবকরা এখানে গাঁজার আসর বসায়। এ আসর সন্ধ্যা থেকে ভোররাত পর্যন্ত চলে। ঐ গাঁজার আসর বসানো বন্ধের জন্যে এলাকাবাসী প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছে। যশোর থেকে মনিরুল ইসলাম চৌধুরী।